

বাংলাদেশ দূতাবাস
বেইজিং

১৭ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদায় বাংলাদেশ দূতাবাস, বেইজিং-এ ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন

আজ ১৭ এপ্রিল ২০২৩ তারিখে বেইজিং-এ যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত এবং দেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত এর মধ্য দিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়। এরপর দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়।

চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি দিবসটি নিয়ে তার বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি তাঁর বক্তব্যে মুজিব নগর দিবসের প্রেক্ষাপট তুলে ধরে উল্লেখ করেন যে, জাতির পিতার দেয়া স্বাধীনতার ডাকে সাড়া দিয়ে এ দিনেই স্বাধীন বাংলাদেশের সরকার নিজ ভূখন্ডে শপথ গ্রহণ করে।

রাষ্ট্রদূত জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরসূরী প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের কথা উল্লেখ করে বলেন, বাংলাদেশ এখন দারিদ্রমুক্ত, শোষণমুক্ত স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তবায়নের পথে এগিয়ে যাচ্ছে। তিনি অনুষ্ঠানে উপস্থিত সকলকে স্বাধীনতার চেতনা ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে একযোগে কাজ করার আহবান জানান।

এরপর দিবসটি উপলক্ষ্যে মুজিবনগর দিবসের উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীগণ অনুষ্ঠানে যোগ দেন।

